

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা  
[ মূল্য সংযোজন কর ]  
প্রজ্ঞাপন

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ / ০১ জুলাই, ২০১৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও নং-২১৮-আইন/২০১৫/৭৩৭-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (৫) এর দফা (খ) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৬৮-আইন/২০১৩/৬৭২-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম (১) এর শিরনামা সংখ্যা-

- (ক) S০৩৭ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোড S০৩৭.০০ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত “কোম্পানী” শব্দের পর “, ১(এক) কোটি টাকার অধিক বার্ষিক টার্নওভারযুক্ত প্রতিষ্ঠান ” কমা, সংখ্যা, বন্ধনী এবং শব্দগুলি সন্নিবেশিত হইবে;
- (খ) S০৪৯ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোড S০৪৯.০০ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত “কোম্পানী” শব্দের পর “, ১(এক) কোটি টাকার অধিক বার্ষিক টার্নওভারযুক্ত প্রতিষ্ঠান ” কমা, সংখ্যা, বন্ধনী এবং শব্দগুলি সন্নিবেশিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)  
চেয়ারম্যান